

ইন্টার কলেজ স্টেট স্পোর্টস অ্যান্ড গেমস চ্যাম্পিয়নশিপ



আজকালের প্রতিবেদন

তিনদিনের উত্তর কলকাতা জেলার ইন্টার কলেজ স্টেট স্পোর্টস অ্যান্ড গেমস চ্যাম্পিয়নশিপ ২০২৩-২৪ রবিবার শেষ হল। ভিক্টোরিয়া ইনস্টিটিউশন কলেজ এই প্রতিযোগিতার আয়োজন করে। বাগমারিতে স্কটিশচার্চ কলেজের মাঠে উত্তর কলকাতার ২৪টি কলেজের ছাত্র-ছাত্রীরা ১০টি ইভেন্টে অংশগ্রহণ করেন। প্রথম দু'দিন ছিল ফুটবল এবং খো-খো প্রতিযোগিতা। তৃতীয় দিনে জ্যাভলিন ও ডিসকাস থ্রো, শট-পাট, অ্যাথলেটিক্স। ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষা ড. মৈত্রেয়ী রায় কাঞ্জিলাল বলেন, পড়ুয়াদের খেলাধুলায় উৎসাহ ছিল চোখে পড়ার মতো। উপস্থিত ছিলেন সরকারি পরিদর্শক গিরিজা বসু, কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্পোর্টস অফিসার রিপ্রেজেন্টেটিভ চণ্ডী কর, প্রতিযোগিতার পরিচালন গোষ্ঠীর সচিব ড. বাঁশরী হালদার, যুগ্ম সচিব বাসুদেব সিদ্ধা, কলেজের আইকিউএসি-র কো-অর্ডিনেটর ড. সুমাল্য কর্মকার, অধ্যাপক সুদীপ কুমার সিনহা, ড. শুভেন্দু চন্দ্র প্রমুখ।